

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ২৭, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
মজুরি বোর্ড শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২৫ ভাদ্র ১৪২৭/০৯ সেপ্টেম্বর ২০২০

নং ৪০.০০.০০০০.০১৬.৩০.০১৮.১৮.৪৫—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে (১) “Coats Bangladesh Ltd” ফৌজদারহাট ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, সাগরিকা রোড, চট্টগ্রাম এবং (২) “Coats Bangladesh Ltd” ইউনিট-২, হোল্ডিং নং-৪৬৮, বাংলাবাজার রোড, ভাওয়াল মির্জাপুর, রাজেন্দ্রপুর, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর এ পরিচালিত কারখানা সমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৫ এবং ১১৪ (১) এর প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে পত্র জারির তারিখ হইতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল।

শর্তাবলী :

- ১। কোন শ্রমিককে সপ্তাহে ৬০ (ষাট) ঘন্টার বেশী কাজ করানো যাইবে না;
- ২। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে;
- ৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১ (এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;
- ৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;
- ৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধন-২০১৮) ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।
- ৬। স্বাস্থ্যবিধি মানিয়া শ্রমিকদের কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহানা জামান
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৯৩৯১)

মূল্য : টাকা ৪.০০